



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০৪.২১-(অংশ-১)-৪৭৬৯/৬

তারিখ: ১২ মার্চ ২০২৪ খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।


সূত্র (ক): শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩২.১৮.৭৩, তারিখ: ১১ মার্চ ২০২৪

সূত্র (খ): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৫৮, তারিখ: ০৩ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ক্র: নং	কর্মসূচি
০১	১৭ মার্চ ২০২৪ সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে সঠিক নিয়মে সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন।
০২	১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।
০৩	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে সকল শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে সৌন্দর্য্যবর্ধন এবং আয়োজিত সকল কার্যক্রম/অনুষ্ঠানে নিম্নরূপ প্রতিপাদ্য উল্লেখ/সংযোজন করে ছবি/পোস্টার/ব্যানার প্রস্তুত করবে। “বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে”
০৪	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান/অফিসসমূহের সংশ্লিষ্ট মসজিদ, মন্দির, গির্জা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন।
০৫	১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে প্রতিষ্ঠানের স্ব-উদ্যোগে আলোচনা সভার আয়োজন। প্রত্যেক প্রতিষ্ঠান এ দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সকল শিক্ষক, ছাত্র/ছাত্রী উপস্থিতির বিষয়ে নির্দেশনা প্রদান করবে।
০৬	১৭ মার্চ ২০২৪ তারিখে অথবা সুবিধাজনক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব ব্যবস্থাপনায় স্থানীয় প্রশাসন এর সাথে সমন্বয় করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করবে।
০৭	শিক্ষার্থীরা এ দিবসের সাথে সংগতি রেখে কবিতা, গল্প ও সৃজনশীল লেখা লিখে এবং ছবি ঐকে শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।


২২/০৩/২০২৪
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

ad-admin@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/ পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিদ্যালয় ও পরিদর্শন শাখা (সকল অঞ্চল);
০৪. জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা);
০৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (ইংলিশ মিডিয়াম স্কুলসহ), (সকল);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৫. সংরক্ষণ নথি।